# টাইমস হায়ার এডুকেশন এশিয়া র‍্যাংকিংয়ে প্রথম গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর

২৭ এপ্রিল, ২০২৫ ১৭:৫২

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

যুক্তরাজ্যভিত্তিক বিখ্যাত শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন র‍্যাংকিংয়ে এ বছর এশিয়ার সেরা কৃষি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান অর্জন করেছে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।

গত বুধবার টাইমস হায়ার এডুকেশন তাদের ওয়েবসাইটে এই র‍্যাংকিং প্রকাশ করে। তালিকায় এশিয়ায় ৩৫টি অঞ্চলের ৮৫৩টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে।

এই অর্জনে সন্তুষ্টি প্রকাশ করে উপাচার্য প্রফেসর ড. জি কে এম মোস্তাফিজুর রহমান বলেন, ‘খবরটি অত্যন্ত গৌরব এবং আনন্দের।

এই অসাধারণ অর্জন বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক, গবেষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম, নিষ্ঠা এবং একাগ্রতার ফল।’

তিনি বলেন, ‘এটি আগামী দিনে আরো দায়িত্বশীল, উদ্ভাবনী এবং বৈশ্বিক মানসম্পন্ন কৃষিশিক্ষা ও গবেষণায় অগ্রসর হতে আমাদের অনুপ্রেরণা জোগাবে।’